পাঠ ১৯

# বিড়াল ছানা





## পাঠের মূলকথা

ঝিলি ও মিলি দুই বোন। দুজনের দুটি বিড়াল ছানা আছে। ঝিলির বিড়াল সাদা এবং মিলির বিড়াল কালো। এই দুই শিশুর সাথে বিড়াল দুটির গভীর মায়ার সম্পর্ক। শিশুর পোষা প্রাণীর সাথে যে মিতালি তৈরি হয় তা অনেক সুন্দর। শিশুমন বিড়াল দুটিকে আপন করে নেয়। রাত-দিন তাদের সাথে বিড়ালের দুষ্টু-মিষ্টি খেলা, একসাথে থাকা-খাওয়া চলে। হঠাৎ যদি সেই প্রিয় প্রাণীটি হারিয়ে যায়, তাহলে শিশুমন ভেঙে পড়ে। আবার প্রাণীটি ফিরে এলে আনন্দের সীমা ছাড়িয়ে যায়। বিড়াল ছানাটি যদি আহত হয় তাহলে ভীষণ মন খারাপ হয়। সুস্থ হলে আবার আগের মতোই খেলাধুলা, লাফালাফি করে। অর্থাৎ এই গল্পে পোষা প্রাণীর সাথে শিশুর প্রতিদিনের সুন্দর সময় ও কিছু কষ্টের ঘটনা উঠে এসেছে।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

- চিত্র/ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয়বস্তু বুঝতে পারা এবং আনন্দ লাভ করতে পারা।
- শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালা ও যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে শুদ্ধভাবে বলতে পারা।
- পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্ট স্বরে শুদ্ধভাবে বলতে পারা।
- পরিচিত পরিবেশে প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পারা।
- চিত্র/ছবি সংবলিত বা চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।
- কারচিহ্নযুক্ত শব্দ; যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত পরিচিত শব্দ স্পষ্ট স্বরে শুদ্ধ উচ্চারণে পড়ে বুঝতে পারা।
- বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) ব্যবহার করে স্পষ্টভাবে সঠিক বানানে বাক্য এবং শ্রুতলিপি লিখতে পারা।
- বিদ্যালয় ও পারিবারিক পরিবেশ উপযোগী প্রশ্ন, নির্দেশনা, কথোপকথন বুঝে সহজ বাক্যে প্রমিত বাংলায় লিখতে পারা।

## পাঠের শিখনফল

৪.১.৪ গল্প শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারব।
৪.১.৬ গল্প ও রূপকথার গল্প শুনে ধারাবাহিকতা রক্ষা করে গল্পের ঘটনা বলতে পারব।
৫.১.১ শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পারব।
৫.১.২ যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বলতে পারব।
৫.১.৩ যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বা শব্দ ভেঙে ধ্বনি বলতে পারব।
৫.২.১ স্পষ্ট ও শুদ্ধভাবে শব্দ বলতে পারব।
৬.১.৬ পারিপার্শ্বিক বিষয়ের বিভিন্ন ঘটনা স্পষ্ট স্বরে বলতে পারব।
৯.২.২ বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য সংবলিত অনুচ্ছেদ স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারব।
১৩.২.১ বিরামচিহ্ন ব্যবহার করে পাঠের বাক্য দেখে লিখতে পারব।

**বানান সতর্কতা** নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিড়াল | সাদা | বন্ধুত্ব | ঘোরা | খুশি | দুষ্টুমি | দৌড় | হঠাৎ | উধাও | ভীষণ |
| খোঁজ | কিন্তু | কাঁদা | সন্ধ্যা | মিঁউ | খোঁড়ানো | হাঁটা | ক্ষত | চিন্তা | ওষুধ |
| মিষ্টি | | | | | | | | | |



# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর — চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪১

উধাও, ক্ষত।

**উত্তর :**

উধাও – হারিয়ে যাওয়া।

ক্ষত – ঘা, আঘাতের দাগ।

### ২ বলি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪১

**প্রশ্ন ক. গল্পের দুই বোনের নাম কী?**

**উত্তর :** গল্পের দুই বোনের নাম ঝিলি ও মিলি।

**প্রশ্ন খ. ঝিলি-মিলির মন খারাপ হয়েছিল কেন?**

**উত্তর :** কালো বিড়ালটি উধাও হওয়াতে ঝিলি-মিলির মন খারাপ হয়েছিল।

**প্রশ্ন গ. কালো বিড়ালের কী হয়েছিল?**

**উত্তর :** কালো বিড়ালটিকে কেউ মেরেছিল। তাই তার পায়ে ক্ষত হয়েছিল।

**প্রশ্ন ঘ. কালো বিড়ালের পা কীভাবে ঠিক হলো?**

**উত্তর :** কালো বিড়ালের পা ওষুধের মাধ্যমে ঠিক হলো।

**প্রশ্ন ঙ. পশুপাখির সাথে আমরা কেমন আচরণ করব?**

**উত্তর :** পশুপাখির সাথে আমরা সুন্দর আচরণ করব। তাদের কষ্ট দেব না।

### ৩ জেনে রাখি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪১

কিছু পশুপাখি বাড়িতে থাকে। যেমন : গোরু, ছাগল, হাঁস, মুরগি। এরা আমাদের অনেক কাজে লাগে। কী কী কাজে লাগে তা বলি।

**উত্তর :** গোরু ও ছাগল আমাদের দুধ দেয়। গোরুর গোবর আমরা জ্বালানি ও সার হিসেবে ব্যবহার করি। হাঁস ও মুরগি আমাদের ডিম দেয়। আমরা হাঁস-মুরগির মাংস খাই।

## ৪ টিক চিহ্ন দিই

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪১

কোন কোন পশু ও পাখিকে মানুষ বাড়িতে পালন করে?

| | |
|---|---|
| হরিণ | |
| গোরু | |
| শিয়াল | |
| হাঁস | |
| কুকুর | |
| বাঘ | |



উত্তর : যেসব পশু ও পাখি মানুষ বাড়িতে পালন করে–

| | |
|---|---|
| হরিণ | |
| গোরু | ✓ |
| শিয়াল | |
| হাঁস | ✓ |
| কুকুর | ✓ |
| বাঘ | |



## ৫ লিখি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪২

**প্রশ্ন ক. ঝিলি-মিলি বিড়াল দুটিকে কী খেতে দেয়?**

উত্তর : ঝিলি-মিলি বিড়াল দুটিকে মাছ ও দুধ খেতে দেয়।

**প্রশ্ন খ. মিলি কাঁদছিল কেন?**

উত্তর : কালো বিড়ালটি উধাও হওয়াতে মিলি কাঁদছিল।

**প্রশ্ন গ. কালো বিড়ালের পায়ে কে ওষুধ লাগিয়ে দিল?**

উত্তর : কালো বিড়ালের পায়ে বাবা ওষুধ লাগিয়ে দিল।

## ৬ সাজিয়ে লিখি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪২

| | |
|---|---|
| খুব দুটির বিড়াল বন্ধুত্ব। | বিড়াল দুটির খুব বন্ধুত্ব। |
| ছিল দেশে এক রাখাল এক। | |
| চাষ গ্রামে হয় ফসলের। | |
| মার আমি যাব মেলায় সাথে। | |
| হবে সাথে দেখা বন্ধুদের আবার। | |

উত্তর :

| | |
|---|---|
| খুব দুটির বিড়াল বন্ধুত্ব। | বিড়াল দুটির খুব বন্ধুত্ব। |
| ছিল দেশে এক রাখাল এক। | এক দেশে ছিল এক রাখাল। |
| চাষ গ্রামে হয় ফসলের। | গ্রামে ফসলের চাষ হয়। |
| মার আমি যাব মেলায় সাথে। | আমি মার সাথে মেলায় যাব। |
| হবে সাথে দেখা বন্ধুদের আবার। | আবার বন্ধুদের সাথে দেখা হবে। |



## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

মিঁউ মিঁউ, মানা, ছানা।

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৪৪

উত্তর :

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| মিঁউ মিঁউ | বিড়ালের ডাক। |
| মানা | নিষেধ। |
| ছানা | পশু-পাখির বাচ্চা বা শাবক। |

**প্রশ্ন ২. প্রদত্ত অনুচ্ছেদটি পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

বিড়াল দুটির খুব বন্ধুত্ব। একসাথে ঘুরে বেড়ায়। দুষ্টুমি করে। ঝিলি-মিলি স্কুল থেকে ফিরলে দৌড়ে কোলে ওঠে। ওরা খেতে বসলে বিড়াল দুটি পাশে বসে। ঝিলি-মিলি মাছ খেতে দেয়। বাটিতে করে দুধ দেয়। বিড়াল দুটি মজা করে খায়।


ক. কাদের মধ্যে খুব বন্ধুত্ব?
খ. বিড়াল দুটি কী করে?
গ. ঝিলি-মিলি খেতে বসলে বিড়াল দুটি কোথায় বসে?
ঘ. ঝিলি-মিলি কীসে করে বিড়াল দুটিকে দুধ খেতে দেয়?
ঙ. বিড়াল দুটি কীভাবে খায়?

উত্তর :

ক. বিড়াল দুটির মধ্যে খুব বন্ধুত্ব।
খ. বিড়াল দুটি একসাথে ঘুরে বেড়ায়।
গ. ঝিলি-মিলি খেতে বসলে বিড়াল দুটি ওদের পাশে বসে।
ঘ. ঝিলি-মিলি বাটিতে করে বিড়াল দুটিকে দুধ খেতে দেয়।
ঙ. বিড়াল দুটি মজা করে খায়।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৩. ছবি দুটি সম্পর্কে তিনটি করে বাক্য বল।**



গোরু বাঘ

| গোরু | বাঘ |
|---|---|
| গোরু একটি গৃহপালিত প্রাণী। | বাঘ আমাদের জাতীয় পশু। |
| গোরু আমাদের দুধ ও মাংসের চাহিদা পূরণ করে। | সুন্দরবনে বাঘ আছে। |
| গোরু ঘাস খায়। | বাঘের গায়ে ডোরা কাটা দাগ আছে। |

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ৪. নিচের বাক্যগুলোতে সঠিক বিরামচিহ্ন বসাও।**

ক. মিলির বিড়াল কালো
খ. ঝিলি মিলি মাছ খেতে পছন্দ করে
গ. কিন্তু একি
ঘ. কালো বিড়াল খুঁড়িয়ে খুঁড়িয়ে হাঁটছে কেন
ঙ. ঝিলির সাদা, কালো দুইটি বিড়াল ছিল

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৪৫

উত্তর :

ক. মিলির বিড়াল কালো।
খ. ঝিলি-মিলি মাছ খেতে পছন্দ করে।
গ. কিন্তু একি!
ঘ. কালো বিড়াল খুঁড়িয়ে খুঁড়িয়ে হাঁটছে কেন?
ঙ. ঝিলির সাদা, কালো দুইটি বিড়াল ছিল।

**প্রশ্ন ৫. বিরামচিহ্ন চিনে লেখ।** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৪৬

ক. ।
খ. ,
গ. !
ঘ. -
ঙ. ?
চ. :

**উত্তর :**

ক. দাঁড়ি ( । )
খ. কমা ( , )
গ. বিস্ময়সূচক (!)
ঘ. হাইফেন (-)
ঙ. জিজ্ঞাসা চিহ্ন (?)
চ. কোলন ( : )

**লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**

**প্রশ্ন ৬. ঝিলি ও মিলি দুই বোন দেখতে কেমন?**

**উত্তর :** ঝিলি ও মিলি দেখতে একই রকম।

**প্রশ্ন ৭. গল্পে কার বিড়ালের রং কী ছিল?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৪৪

**উত্তর :** গল্পে ঝিলির বিড়াল সাদা এবং মিলির বিড়াল কালো।

**প্রশ্ন ৮. কার বিড়ালটি হারিয়ে গিয়েছিল?**

**উত্তর :** মিলির কালো বিড়ালটি হারিয়ে গিয়েছিল।

**প্রশ্ন ৯. কে খুশিতে লাফিয়ে উঠেছিল?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৪৮

**উত্তর :** সাদা বিড়াল খুশিতে লাফিয়ে উঠেছিল।

**প্রশ্ন ১০. কোন বিড়ালটি হারিয়ে যায়?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৪৬

**উত্তর :** কালো বিড়ালটি হারিয়ে যায়।

**প্রশ্ন ১১. শব্দগুলো থেকে যুক্তবর্ণগুলো বিভাজন করে লেখ।**

দুষ্টুমি, ক্ষত, চিন্তা, দিচ্ছি, বারান্দা, সন্ধ্যা ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৪৭

**উত্তর :**

| | | |
|---|---|---|
| দুষ্টুমি | ষ্ট | ষ + ট |
| ক্ষত | ক্ষ | ক + ষ |
| চিন্তা | ন্ত | ন + ত |
| দিচ্ছি | চ্ছ | চ + ছ |
| বারান্দা | ন্দ | ন + দ |
| সন্ধ্যা | ন্ধ্যা | ন + ধ + ্য (য-ফলা) |

বাংলা

**শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই**

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | বিরামচিহ্ন শনাক্ত করতে পেরেছে। | | | |
| | শব্দে যুক্তবর্ণ শনাক্ত করতে পেরেছে। | | | |
| | আদেশ অনুসরণ করতে পারে। | | | |
| দক্ষতা | গল্প শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পেরেছে। | | | |
| | শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পেরেছে। | | | |
| | যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বলতে পেরেছে। | | | |
| | পারিপার্শ্বিক বিষয়ের বিভিন্ন ঘটনা স্পষ্ট স্বরে বলতে পেরেছে। | | | |
| | বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য সংবলিত অনুচ্ছেদ স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পেরেছে। | | | |
| | বিরামচিহ্ন ব্যবহার করে পাঠের বাক্য দেখে লিখতে পেরেছে। | | | |
| | গল্প শুনে ধারাবাহিকতা রক্ষা করে গল্পের ঘটনা বলতে পেরেছে। | | | |
| | যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বা শব্দ ভেঙে ধ্বনি বলতে পেরেছে। | | | |
| | যুক্তবর্ণ সংবলিত শব্দ শনাক্ত করতে জানে। | | | |
| | গল্প শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পেরেছে। | | | |
| | স্পষ্ট ও শুদ্ধভাবে শব্দ বলতে পেরেছে। | | | |
| | বাক্য পড়ে বুঝতে পেরেছে। | | | |

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| | স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পেরেছে। | | | |
| | প্রমিত উচ্চারণে যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বানান করে পড়ে বুঝতে পেরেছে। | | | |
| | সহজ বাক্যে প্রমিত বাংলায় প্রশ্নের উত্তর লিখতে পেরেছে। | | | |
| মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি | গল্প শুনে আনন্দের সাথে বলতে পেরেছে। | | | |
| | আগ্রহ সহকারে গল্পের ঘটনা বলতে পেরেছে। | | | |
| | আগ্রহ সহকারে প্রশ্নের উত্তর দিতে পেরেছে। | | | |
| | আগ্রহ সহকারে প্রশ্নের উত্তর লিখতে পেরেছে। | | | |
| | কাজে অংশগ্রহণে আগ্রহ দেখিয়েছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় : ..............

শিক্ষার্থীর নাম : ........................................ শ্রেণি : ........................................ রোল নম্বর : ☐

**১। কোন কোন পশু ও পাখিকে মানুষ বাড়িতে পালন করে? টিক চিহ্ন দাও।**

| | |
|---|---|
| হরিণ | |
| গোরু | |
| শিয়াল | |
| হাঁস | |
| কুকুর | |
| বাঘ | |



**২। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :**

ক. গল্পের দুই বোনের নাম কী?

খ. ঝিলি-মিলির মন খারাপ হয়েছিল কেন?

গ. কালো বিড়ালের কী হয়েছিল?

**৩। নিচের বাক্যগুলোতে সঠিক বিরামচিহ্ন বসাও।**

ক. মিলির বিড়াল কালো

খ. ঝিলি মিলি মাছ খেতে পছন্দ করে

গ. কিন্তু একি

ঘ. কালো বিড়াল খুঁড়িয়ে খুঁড়িয়ে হাঁটছে কেন

ঙ. ঝিলির সাদা, কালো দুইটি বিড়াল ছিল

### উত্তরমালা

১▶

| | |
|---|---|
| হরিণ | |
| গোরু | ✓ |
| শিয়াল | |
| হাঁস | ✓ |
| কুকুর | ✓ |
| বাঘ | |



২▶ ক. গল্পের দুই বোনের নাম ঝিলি ও মিলি।

খ. কালো বিড়ালটি উধাও হওয়াতে ঝিলি-মিলির মন খারাপ হয়েছিল।

গ. কালো বিড়ালটিকে কেউ মেরেছিল। তাই তার পায়ে ক্ষত হয়েছিল।

৩▶ ক. মিলির বিড়াল কালো।

খ. ঝিলি-মিলি মাছ খেতে পছন্দ করে।

গ. কিন্তু একি!

ঘ. কালো বিড়াল খুঁড়িয়ে খুঁড়িয়ে হাঁটছে কেন?

ঙ. ঝিলির সাদা, কালো দুইটি বিড়াল ছিল।

মূল্যায়ন রিপোর্ট ▶ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐